

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৮৩.০৬.

তারিখ: বৈশাখ ১৪৩৩  
মে ২০২৬

### অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক, রাডার স্টেশন, জয়দেবপুর, গাজীপুর ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, আরিচা, মানিকগঞ্জ কার্যালয়ে কর্মরত থাকাকালীন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে সরকারি বিধি বিধান লঙ্ঘনপূর্বক কর্মস্থলে নিয়মিত উপস্থিত না থাকা এবং বিভিন্ন অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত ০১/২০২৪ নম্বর বিভাগীয় মামলায় ১০ মার্চ ২০২৪ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৮৩.০৬.১৬৫৮ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক, ০৪ এপ্রিল ২০২৪ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করলে ১৬ অক্টোবর ২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে তাঁর প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ১২ নভেম্বর, ২০২৪ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৮৩.০৬.৮২৩০ সংখ্যক স্মারকের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক ২২ ডিসেম্বর ২০২৪ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারীকে ১৮ জানুয়ারি ২০২৬ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৮৩.০৬.৪৬৭ সংখ্যক স্মারকের মাধ্যমে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন জানিয়ে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। ২য় কারণ দর্শানোর নোটিশের জবাবে তিনি অপ্রাসঙ্গিক বিষয় উল্লেখ করে জবাব প্রদান করেন। তথাপিও অভিযোগের বিষয়ে ক্ষমা চাওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ, তাঁর ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনা ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নমনীয় ভাব প্রদর্শন করত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুসারে তাঁকে 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৫। সেহেতু, জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক, রাডার স্টেশন, জয়দেবপুর, গাজীপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'অসদাচরণ' (Misconduct) অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনা ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নমনীয় ভাব প্রদর্শন করত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ মমিনুল ইসলাম)  
পরিচালক  
ফোন: ৪১০২৫৭০৫

পৃঃ ১/২


০১৮

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৮৩.০৬. ৬০৬২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩৩  
০৬ মে ২০২৬

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, চারাদিঘীর পাড়, সিলেট।
- ৩। উপপরিচালক, বাড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা।
- ৪। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম।
- ৫। জনাব জনাব মোঃ আব্দুল মতিন, উর্ধ্বতন যোগাযোগ প্রকৌশলী, এন.এম.সি.সি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাডার স্টেশন, জয়দেবপুর, গাজীপুর।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডি.এম.ও, সিলেট (জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক-এর বিভাগীয় মামলায় শাস্তির বিষয়টি তাঁর কৃত্যক বহিতে লিপিবদ্ধের অনুরোধসহ)।
- ৮। **বর্তমান কর্মস্থল:** জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক, রাডার স্টেশন, জয়দেবপুর, গাজীপুর।
- ৯। **স্থায়ী ঠিকানা:** জনাব মোঃ এনামুল হক, উচ্চ পর্যবেক্ষক, পিতা- মোঃ আবু বকর সিদ্দিক,গ্রাম- খুন্দার (কদমকুড়ী), ডাকঃ- খুন্দার, থানা- নন্দীগ্রাম-, জেলা- বগুড়া।

  
০৬/০৫/২৬  
(মোঃ মমিনুল ইসলাম)  
পরিচালক